## গাইবান্ধা জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : চৌধুরী মোয়াজ্জম আহমদ
জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
তারিখ : ০৯ নভেম্বর, ২০২৫খ্রি.
সময় : বেলা ১২.১৫ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব ও উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ/অনুমোদন করা হয়। অত:পর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি-১: বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা প্রদান সংক্রান্ত:

গাইবান্ধা জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অক্টোবর-২০২৫ মাসের প্রতিবেদন নিম্নরুপ:

(ক) অক্টোবর/২০২৫ মাসে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের তথ্য:

| নিরাময় কেন্দ্রের নাম ও ঠিকানা | বেড সংখ্যা (টি) | বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা (জন) | বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা (জন) | বিবেচ্য মাসে ছাড়কৃত রোগীর সংখ্যা (জন) | অবশিষ্ট রোগীর সংখ্যা (জন) | ফ্রি কাউন্সিলিং সেবা প্রদানের সংখ্যা (জন) |
|---|---|---|---|---|---|---|
| (১) জিইউকে মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, ভিএইড রোড, কালিবাড়ী, গাইবান্ধা। | ১০ | ৫১ | ১১ | ২৩ | ৩৯ | ১৫ |
| (২) সুখী পরিবার মাদকাসক্তি নিরাময়, ঘোড়াঘাট রোড, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | ১০ | ২২ | ০৩ | ০৭ | ১৮ | ০৯ |
| মোট- | ২০ | ৭৩ | ১৪ | ৩০ | ৫৭ | ২৪ |

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা বলেন, এ জেলায় বর্তমানে ২টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র চালু রয়েছে। কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। অক্টোবর/২০২৫ মাসে এ জেলায় চিকিৎসাধীন রোগীর সংখ্যা ৫৭ জন তন্মধ্যে নতুন ভর্তিকৃত রোগী ১৪ জন, পুরাতন রোগী ৪৩ জন। অক্টোবর/২০২৫ মাসে ছাড়কৃত মোট রোগীর সংখ্যা ৩০ জন। এছাড়াও বিবেচ্য মাসে মোট ২৪ জনকে কাউন্সিলিং সেবা প্রদান করা হয়েছে।<br>সভায় নিরাময় কেন্দ্রের নিরাপত্তার জন্য ফায়ার এক্সটিংগুইশার ও ক্লোজ সার্কিট ক্যামেরা সর্বদা সচল রাখার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও মাদকাসক্তদের যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করাসহ অভিভাবকদের ফ্রি কাউন্সিলিং সেবা চালু রাখার অনুরোধ করা হয়। | (১) নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(২) কেন্দ্রগুলোর নিরাপত্তার জন্য অগ্নিনির্বাপন ব্যবস্থা ও ক্লোজ সার্কিট ক্যামেরা সর্বদা চালু রাখতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) সিভিল সার্জন, গাইবান্ধা।<br>(৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৫) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা। |

[চলমান পাতা-২]

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | (১) চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী চিকিৎসা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী নিরাময় কেন্দ্রগুলো পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) কেন্দ্রে প্রত্যেক রোগীর পৃথক নথি ও ট্রিটমেন্ট হিস্ট্রি যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে আলোকপাত করা হয়।<br>(৪) রোগীদের কোন ধরণের শারীরিক ও মানসিক নির্যাতন না করার বিষয়ে কঠোর নজরদারি রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৫) জেলায় লাইসেন্সবিহীন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র গড়ে উঠলে সেগুলো বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | (১) চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।<br>(২) কেন্দ্রগুলোতে পর্যাপ্ত আলো বাতাস ও উন্নত পরিবেশ আছে কিনা তা নিশ্চিত করতে হবে।<br>(৩) প্রত্যেক রোগীর পৃথক নথি ও ট্রিটমেন্ট হিস্ট্রি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(৪) রোগীদের কোন প্রকারের শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না।<br>(৫) লাইসেন্সবিহীন নিরাময় কেন্দ্র গড়ে উঠলে সেগুলো বন্ধের জন্য দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।<br>(২) জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা। |
| ৩. | (১) রোগীদের পুষ্টিকর খাবার যেমন: মাছ, মাংস, ডিম ইত্যাদির পাশাপাশি শাকসবজি, ফলমুল ইত্যাদি প্রদানের পরামর্শ প্রদান করা হয়।<br>(২) ভর্তিকৃত রোগীদের স্যানিটেশনের ব্যবস্থা ও সুপেয় পানির ব্যবহার বিষয়ে দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) নিরাময় কেন্দ্রে রোগীদের বিনোদনের জন্য ইনডোর গেমস, পত্রপত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন এবং যথাযথ কাউন্সেলিংয়ের বিষয়ে আলোচনা হয়। | (১) রোগীদের পুষ্টিকর খাবার ও অন্যান্য সুযোগ-সুবিধাদি নিশ্চিত করতে হবে।<br>(২) নিরাময় কেন্দ্রে স্যানিটারির ব্যবস্থা ও সুপেয় পানি নিশ্চিত করতে হবে।<br>(৩) নিরাময় কেন্দ্রে রোগীদের বিনোদনের জন্য ইনডোর গেমস, পত্রপত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন এবং কাউন্সেলিং ইত্যাদির ব্যবস্থা থাকতে হবে। | (১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।<br>(২) জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটির সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা। |

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২৫

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি
গাইবান্ধা
☎০২-৫৮৮৮৭৭৫০০ (অফিস)
e-mail:dcgaibandha@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাইবান্ধা।
E-mail:gaibandhadnc@gmail.com

নং-৫৮.০২.৩২০০.১৬৬.০৬.০০২.২২-৬৭৭(৭)

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩২
১৮ নভেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৫. পুলিশ সুপার, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৬. সিভিল সার্জন, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৭. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
০৯. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১০. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১১. উপপরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১২. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা ও সদস্য জে.বে.মা.নি.কে.মনিটরিং কমিটি।
১৩. নির্বাহী পরিচালক, জিইউকে, মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, গাইবান্ধা ও সদস্য জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি।
১৪. পরিচালক, সুখী পরিবার মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঘোড়াঘাট রোড, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও সদস্য জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি।
১৫. অফিস কপি।

১৮/১১/২৫
(মো: শাহ্-নেওয়াজ)
উপপরিচালক ও সদস্য সচিব
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
মনিটরিং কমিটি, গাইবান্ধা।
ফোন: ০২-৫৮৭৭১০০২৯ (অফিস)
Email:gaibandhadnc@gmail.com

১৮/১১/২৫